# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
www.supremecourt.gov.bd

স্মারক নং- ৩৭১১(৪) রীট রেকর্ড তারিখ: 02 05 23

প্রাপক,

০১। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক আমাদের বাংলা
৬৪/৬৮, ইস্টার্ন কমলাপুর কমপ্লেক্স, কক্ষ নং-৩২৩, ঢাকা-১২১৭।

০২। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক স্বদেশ বিচিত্রা
সম্পাদকীয় বার্তা ও বানিজ্যিক কর্যালয়ঃ ১৫১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

**বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের রেকর্ড (রীট) শাখায় উইডিংকৃত মামলার Part-II নথি ও ফৌজদারী রেকর্ড শাখার বিভিন্ন প্রকার কাগজপত্র নিলামে বিক্রয় প্রসঙ্গে।**

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে এতদ্‌সঙ্গে প্রেরিত পুনঃনিলাম বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ভিতরের পাতায় বিজ্ঞপ্তির শিরোনামে সাদা-কালো রঙ্গে ফন্ট সাইজ ১৪ (চৌদ্দ), বডি সাইজ ০৯ (নয়) ব্যবহার পূর্বক একদিনের জন্য ছাপানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতঃ প্রকাশিত বিজ্ঞপ্তির ০২ (দুই) কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হইল।

উল্লেখ্য যে, বিজ্ঞপ্তি প্রকাশের ধার্যকৃত মূল্য যাই থাকুক না কেন প্রতি ইঞ্চি কলামের জন্য ২০০/- (দুইশত) টাকা করে অত্র অফিস বিল প্রদান করিবে।

সংযুক্তি: বিজ্ঞপ্তি- ০২ (দুই) কপি।

স্বাঃ/-
মোঃ সিদ্দিকুর রহমান
ডেপুটি রেজিস্ট্রার (অনুলিপি ও মহাফেজ) (ভারপ্রাপ্ত)
সভাপতি
টেন্ডার কমিটি
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ**

১। বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
২। বিজ্ঞ রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৩। অতিরিক্ত রেজিস্ট্রার (সার্বিক), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৪। সিস্টেম এ্যানালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে পুনঃনিলাম বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)

02/05/2026
(মোঃ ইউসুফ আলী)
সহকারী রেজিস্ট্রার (দেওয়ানী-২)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
www.supremecourt.gov.bd
রীট রেকর্ড

তারিখ: ০২/০৫/২০২৩খ্রিঃ

স্মারক নং- ৩৭০৭

## পুন:নিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের এনেক্স ভবনের ৪র্থ তলায় রেকর্ড (রীট) শাখায় সংরক্ষিত ০৩ (তিন) বছরের অধিক পুরাতন নিষ্পত্তিকৃত ও উইডিংকৃত রীট পিটিশন ২০০১ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত মোট ৪৬,৫৫৬টি মামলার Part-II নথি এবং ফৌজদারী রেকর্ড শাখায় রক্ষিত বিনষ্টযোগ্য নিষ্পত্তিকৃত নকলের দরখাস্ত, দৈনিক মামলার তালিকা, বিভিন্ন প্রকার অপ্রয়োজনীয় কাগজ, আইটির ইস্যু কপি, এস.সি.এ শাখার নথি ও এস.সি.এ শাখার অফিস কপি নিলামে বিক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট ক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে আগামী ১৬/০৫/২০২৩ খ্রি: তারিখ বেলা ০২:০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের প্রশাসন ভবন-২, ৪র্থ তলা, কক্ষ নং-৪০৪ এর সামনে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। উক্ত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে রেকর্ড (রীট) শাখার বারান্দায় রক্ষিত ০৩ (তিন) বছরের অধিক পুরাতন উইডিংকৃত ৪৬,৫৫৬টি মামলার Part-II নথি এবং ফৌজদারী রেকর্ড শাখার তত্ত্বাবধানে রক্ষিত বিনষ্টযোগ্য নিষ্পত্তিকৃত নকলের দরখাস্ত, দৈনিক মামলার তালিকা, বিভিন্ন প্রকার অপ্রয়োজনীয় কাগজ, আইটির ইস্যু কপি, এস.সি.এ শাখার নথি ও এস.সি.এ শাখার অফিস কপি সরেজমিনে পরিদর্শন করা যাবে।

## শর্তাবলী

০১। দরপত্রে উল্লেখিত উইডিংকৃত Part-II নথি ও ফৌজদারী রেকর্ড শাখার বিভিন্ন প্রকার কাগজপত্রের প্রতি কেজির মূল্য উল্লেখ করতে হবে।
০২। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্সসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।
০৩। আগামী **১৬/০৫/২০২৩ খ্রি:** তারিখ দরপত্র দাখিলকারীর সম্মূখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।
০৪। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ও যুক্তিযুক্ত দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। উপরে বর্ণিত উইডিংকৃত Part-II নথি ও ফৌজদারী রেকর্ড শাখার বিভিন্ন প্রকার কাগজপত্র Digital Weight Machine দিয়ে ওজন করতঃ ওজন মাফিক সমুদয় মূল্য বাবদ নগদ অর্থ নিলাম কমিটির সভাপতির নিকট তৎক্ষনাৎ পরিশোধ করতে হবে এবং সম্পূর্ণ টাকা পরিশোধ সাপেক্ষে গেইট পাশ সংগ্রহ পূর্বক নির্দিষ্ট তারিখের মধ্যে উক্ত মামলার Part-II নথি ও ফৌজদারী রেকর্ড শাখার বিভিন্ন প্রকার কাগজপত্র নিজ খরচে ডেলিভারী নিতে হবে। Digital Weight Machine টি উইডিংকৃত Part-II নথি ও ফৌজদারী রেকর্ড শাখার বিভিন্ন প্রকার কাগজপত্র ডেলিভারীর দিন কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে আনতে হবে।
০৫। নিলাম ও হস্তান্তর পরবর্তী নিলামকৃত Part-II নথি ও ফৌজদারী রেকর্ড শাখার বিভিন্ন প্রকার কাগজপত্রে কোন ত্রুটি ধরা পরলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
০৬। জামানত হিসেবে দরপত্রের সাথে ২০,০০০/- (বিশ হাজার) টাকা বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার বরাবর পে-অর্ডার /ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) দাখিল করিতে হইবে। এ ক্ষেত্রে ব্যাংক চেক/নগদ অর্থ গ্রহণযোগ্য নয়।
০৭। নির্ধারিত তারিখের (অফিস চলাকালীন সময়) মধ্যে উইডিংকৃত Part-II নথি ও ফৌজদারী রেকর্ড শাখার বিভিন্ন প্রকার কাগজপত্র ডেলিভারী নিতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।
০৮। অসুম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহারকৃত দরপত্র এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন দরপত্র গ্রহণযোগ্য নহে।
০৯। নিলামে বিক্রয়কৃত Part-II নথি সমূহ ও ফৌজদারী রেকর্ড শাখার বিভিন্ন প্রকার কাগজপত্র নিলাম কমিটির উপস্থিতিতে নিলাম পরবর্তী মন্ড তৈরী করার শর্তে বিক্রয় করা হবে।
১০। কর্তৃপক্ষ সর্বোচ্চ দরপত্র গ্রহণে বাধ্য নহে এবং সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০২/০৫/২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান
ডেপুটি রেজিস্ট্রার (অনুলিপি ও মহাফেজ) (ভারপ্রাপ্ত)
সভাপতি
টেন্ডার কমিটি
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।